57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 SEP 1998 ...
পৃঃ ২০ কলাম ৭ ...

# কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়গুলি জাতীয়করণ করার আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম জেলা কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি চট্টগ্রাম দেশের সুষ্ঠু বিকাশের লক্ষ্যে শিক্ষকতাকে একটি মহৎ পেশা হিসাবে স্বীকৃতি প্রদান এবং এ লক্ষ্যে অবিলম্বে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহ জাতীয়করণ করাসহ সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকাদের ৫ দফা দাবী বাস্তবায়নের আহ্বান জানাইয়াছে। গত বৃহস্পতিবার পূর্ব বাকলিয়াস্থ হাজী আবদুল মন্নান সওদাগর প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এই আহ্বান জানানো হয়। সভায় অভিযোগ করিয়া বলা হয়, একই সময়সূচী, পাঠ্যসূচী ও নিয়ম-নীতির ভিত্তিতে একই অঞ্চলে শিক্ষা বিস্তারে নিয়োজিত থাকিলেও সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের ৫০০০ টাকা পর্যন্ত বেতনের ব্যবস্থা হইলেও কমিউনিটি (প্রাঃ) বিদ্যালয়ের শিক্ষকগণ মাত্র ৫০০ টাকা হারে সম্মানী ভাতা পাইতেছেন। কমিটির আহ্বায়ক মোঃ এনামুল হকের সভাপতিত্বে সভা আগামী ৮ই অক্টোবর চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ এবং বিভাগীয় কমিশনার ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উপ-পরিচালকের নিকট স্মারকলিপি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।